



# রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২২/৩১(৪)/৭৭১(৪০)

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯  
৩১ মে ২০২২

## অফিস আদেশ

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের প্লানিং কমিটির সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভাগে আপগ্রেশন প্রাপ্তির জন্য জমাকৃত আপগ্রেশনের আবেদন যথাযথ মূল্যায়ন বিভাগের প্লানিং কমিটির উপর বর্তায়। আবেদন যাচাই-বাচাই এর ক্ষেত্রে চাকুরীর অভিজ্ঞতার হিসাব এবং ডিগ্রীর সমতা নির্ধারণও প্লানিং কমিটির সদস্যগণ সম্পন্ন করবেন। ডিগ্রীর সমতা যাচায়ের জন্য কোন জটিলতা লক্ষ্য করা গেলে বিষয়টি সুরাহার জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতা বিষয়ক মতামত গ্রহণপূর্বক মূল্যায়ন সম্পন্ন করবেন। এছাড়াও প্লানিং কমিটি আপগ্রেশন প্রার্থীদের চাকুরীর অভিজ্ঞতার সনদ যথাযথ পরীক্ষা করে (প্রয়োজনে সনদ প্রদানকারী প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে নিশ্চিত হতে হবে) তাঁর সত্যাসত্য যাচাই করবেন। আপগ্রেশন প্রার্থীদের প্রকাশনাসমূহের যথার্থতা যাচাই পূর্বক গ্রহণ বা বর্জন বিষয়ে সিদ্ধান্ত প্লানিং কমিটি গ্রহণ করবেন।

অতপর, সকল প্রকার যাচাই বাছাই সম্পন্ন করে প্লানিং কমিটির সদস্যবৃন্দের স্বাক্ষরসহ সুনির্দিষ্ট মতামত প্রদান করতঃ রেজিস্ট্রার দপ্তরে আবেদনপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এ বিষয়ে প্রতিটি বিভাগকে যথাযথ দায়িত্ব পালন করে প্রশাসনকে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,

(মোঃ মোরাদ হোসেন)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২২/৩১(৪)/৭৭১(৪০)

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯  
৩১ মে ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। ডিন, সকল অনুষদ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। সভাপতি, সকল বিভাগ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধসহ)
- ৪। উপ-পরিচালক (জনসংযোগ), জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৫। পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ৬। অফিস নথি।

(মোঃ শাহাবুদ্দিন)  
সেকশন অফিসার